

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
কারিগরী ও মাদরাসা শিক্ষা বিভাগ  
মাদরাসা শিক্ষা অধিদপ্তর  
রেডক্লিনসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩  
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।  
www.dme.gov.bd

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০১৮.১৭- ৬৮৫

তারিখ ১৪.০৯.২০১৭খ্রি.

বিষয়: বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি না থাকা কালে উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক বেতন-ভাতাদির এম,পি,ও বিলে প্রতিস্বাক্ষর প্রসঙ্গে।

সূত্রঃ (১) ভাংনী আহমাদিয়া ফাযিল মাদরাসার স্মারক নং-অধ্যক্ষ/৬৮/২০১৭/৬৫,

তারিখ: ১৩.০৯.২০১৭খ্রি.

(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শাঃ১১/২(২)/৯৯(অংশ-১)১২৮৮,

তারিখ: ০৫.১০.২০০২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, রংপুর জেলার মিঠাপুকুর উপজেলাধীন ভাংনী আহমাদিয়া ফাযিল মাদরাসার অধ্যক্ষ জনাব মোঃ মাকছুদুর রহমান জামেলী এ অধিদপ্তরে লিখিত আবেদনের মাধ্যমে জানিয়েছেন যে, ২৬.০৭.২০১৭ খ্রি: তারিখে বিষয়োক্ত মাদরাসার গভর্নিং বডির মেয়াদ শেষ হওয়ার পূর্বে বিধি মোতাবেক পরবর্তী মেয়াদের জন্য নতুন গভর্নিং বডি গঠিত হয়নি। নির্ধারিত সময়ে নিয়মিত গভর্নিং বডি গঠিত না হওয়ায় পূরণায় এডহক কমিটি গঠনের জন্য অনুমতি ও সভাপতি মনোনয়নের জন্য গত ০৩.০৮.২০১৭খ্রি. তারিখে উপাচার্য/রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা মহোদয়ের বরাবরে আবেদন করা হয় যা প্রক্রিয়াধীন আছে

০১. অধ্যক্ষ তাঁর আবেদনে আরো জানিয়েছেন যে, মামলার কারণে নির্ধারিত সময়ের মধ্যে গভর্নিং বডি গঠন করতে ব্যর্থ হয়।

০২. বর্ণিত অবস্থায় বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানসমূহে (স্কুল, কলেজ, মাদরাসা) ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি কোন কারণে স্থগিত থাকলে বা সভাপতি না থাকলে সে ক্ষেত্রে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদি উত্তোলনের স্বার্থে প্রতিষ্ঠানের বিলে উপজেলার ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার ও জেলা সদরের ক্ষেত্রে জেলা প্রশাসক প্রতিস্বাক্ষর করবেন মর্মে সরকারী সিদ্ধান্ত রয়েছে (সূত্রে বর্ণিত ২ নং স্মারকের কপি সংযুক্ত)।


০৩. এমতাবস্থায় ভাংনী আহমাদিয়া ফাযিল মাদরাসায় গভর্নিং বডি/এডহক কমিটি পুনরায় গঠিত না হওয়া পর্যন্ত শিক্ষা মন্ত্রণালয়ের উক্ত আদেশ (সূত্রের ২ নং স্মারক) অনুসরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: উপরিউক্ত বর্ণনা মতে ১ ফর্দ।

উপজেলা নির্বাহী অফিসার, মিঠাপুকুর, রংপুর।

অনুলিপি:

১. জেলা প্রশাসক, রংপুর।
২. উপ পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল।
৩. জেলা শিক্ষা অফিসার, রংপুর।
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, মিঠাপুকুর, রংপুর।
৫. অধ্যক্ষ, ভাংনী আহমাদিয়া ফাযিল মাদরাসা:- গভর্নিং বডি গঠনে ব্যর্থ হওয়ার কারণ জানানোর অনুরোধ করা হলো।
৬. অফিস কপি।

  
14.09.17

সহকারী পরিচালক (সর: ও সিনি: মাদরাসা)

(প্রতিকল্প কর্মকর্তা)

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ফোন নং-৯৩৪৫৮৮০

ই-মেইল-dgmec.@gmail.com